বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬৩৫

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪৩৩ / ২২ জুলাই, ২০২৬

# বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.০৪২.১৬.০০১.২১.১০৫; তারিখ ১৪ জুলাই ২০২৬ খ্রি. মোতাবেক বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "**জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬**" গত ৭ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন দেয়া হয়েছে। শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়িয়া তুলিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

**সংযুক্তি: বর্ণনা মোতাবেক।**

**প্রফেসর এস এম তৌহিদুজ্জামান**
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান/সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬৩৫ (১০)

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪৩৩ / ২২ জুলাই, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. উপসচিব (সমন্বয় শাখা), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৭. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড(পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৮. সদস্যবৃন্দ-গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল মাদ্রাসা;
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. অফিস কপি।

**মো: আব্দুর রশিদ**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.১৬.০০১.২১.১০৫ তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.০০০.৩১২.১৬.০০০১.২৬.৫০; তারিখ: ১৪ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে প্রণীত "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" এর খসড়া গত ৭ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন দেয়া হয়েছে। শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়িয়া তুলিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করার জন্য এ বিভাগকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মন্ত্রিসভা-বৈঠকের নির্দেশনা মোতাবেক "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নসহ হালনাগাদ তথ্য আগামী ২৩.০৭.২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিম্নোক্ত ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে ০৬ পাতা।**

২১/০৭/২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব
০২-৫৫১০১৩৪৮
sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা;
৩। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া;
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর।

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.১৬.০০১.২১.১০৫/১(৪) তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :**
১। মন্ত্রিপরিষদ সচিব [দৃ: আ: সিনিয়র সহকারী সচিব (মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ শাখা)] মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
২। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৪। অফিস কপি।

২১/০৭/২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব

গোপনীয়

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

৪২৬৯ ১৫/৭/২৬

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১২.১৬.০০০১.২৬.৫০ তারিখ: ১৪ জুলাই ২০২৬
৩০ আষাঢ় ১৪৩৩

বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ।

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিসভাকে অবহিত করার লক্ষ্যে মে - জুলাই ২০২৬ মেয়াদের ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত তাঁর অধিক্ষেত্রে বাস্তবায়নাধীন সিদ্ধান্তের (তালিকা সংযুক্ত) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য সংবলিত প্রতিবেদন **(নিকস ফন্টে প্রতিটি সিদ্ধান্ত পৃথক পাতায়)** আগামী ২৬ জুলাই ২০২৬ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফ্‌ট কপি (MS Word) ই-মেইল (implement-1_sec@cabinet.gov.bd)/পেনড্রাইভের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে (কক্ষ নং-৬১৪, ভবন নং-১, বাংলাদেশ সচিবালয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ......০১...... পাতা।

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর**
ডাইরী নং- ২৯০৪
তারিখ 16 JUL 2026

| | |
|---|---|
| যুগ্মসচিব (প্রশা: অধি:-১) | |
| যুগ্মসচিব (প্রশা: অধি:-২) | |
| যুগ্মসচিব (প্রশা: অধি:-৩) | স্বাক্ষর |

১৪/০৭/২০২৬
মোঃ মেজবাউল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৬৬৪১০৬৮
implement-1_sec@cabinet.gov.bd

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ........ মন্ত্রণালয়/বিভাগ।

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ২৬৫
তারিখ: ২০/০৭/২৬

- [x] উপসচিব/সি:সহ:সচিব (সমন্বয়)
- [ ] উপসচিব/সি:সহ:সচিব (সংসদ)
- [ ] সি:এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
- [ ] ব্যক্তিগত কর্মকর্তা
- [ ] অন্যান্য

যুগ্মসচিব (প্রশাসন-৩) অধিশাখা

শাখাপ্রধান (সমন্বয়)
জেলানাম ০২(দুই) প্রস্তাব / ইতঃপূর্বে প্রেরিত নীতিমালাটি পাওয়া গিয়েছে কিনা ... উপস্থাপন করুন। ২০.০৭.২০২৬

Anisul Islam (15013)
Joint Secretary
Technical and Madrasah Education Division
Ministry of Education
Govt. of the People's Republic of Bangladesh

২০/০৭/২০২৬

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

| | |
|---|---|
| ১. | মসবৈ-৭(৫)/২০২৬, তারিখ: ৭ মে ২০২৬<br>বিষয়-৩: 'জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬'-এর খসড়া অনুমোদন।<br>আলোচনা:<br>১২। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক 'জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬'-এর খসড়া প্রণয়ন সময়োপযোগী। তবে, শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়িয়া তুলিবার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা সমীচীন। ভৌত অবকাঠামো সংক্রান্ত উন্নয়ন প্রকল্পসমূহে নারীদের জন্য পৃথক টয়লেট নির্মাণ অন্তর্ভুক্ত করা আবশ্যক। সকল টয়লেটের বর্জ্য সংরক্ষণের জন্য সেপটিক ট্যাংক/সেফটি ট্যাংক নির্মাণ আবশ্যক, যাহাতে কোনোভাবেই টয়লেটের বর্জ্যসমূহ নদী, খাল-বিলসহ অন্যান্য জলাশয়ে পতিত হইয়া পানি দূষণ ঘটাইতে না পারে। টয়লেট ব্যবহার ও স্বাস্থ্যবিধি বিষয়ে জনসচেতনতা তৈরির উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিতে পারে। স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক সমন্বিতভাবে সড়ক ও মহাসড়কের উপযুক্ত স্থানে নারী ও পুরুষের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপনের কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। নীতিমালাটি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করা সমীচীন। সার্বিক পর্যালোচনায়, মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী পরিমার্জনপূর্বক সারসংক্ষেপের সহিত উপস্থাপিত খসড়া নীতিমালা অনুমোদন করা যাইতে পারে।<br>সিদ্ধান্ত:<br>১৩। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী পরিমার্জনপূর্বক সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬'-এর খসড়া অনুমোদন করা হইলো। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা

**"জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বিষয়ে মন্ত্রিসভা বৈঠকের আলোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্দেশনাসমূহ নীতিমালাতে সংযোজনের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন সংশ্লিষ্ট ওয়ার্কিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি: | ড. মুহা. মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব, পানি সরবরাহ অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ ও চেয়ারপার্সন ওয়ার্কিং কমিটি। |
| সভার তারিখ: | **১০ জুন, ২০২৬ তারিখ, বেলা ১১.০০টা** |
| সভার স্থান: | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ভবনের ২য় তলার সম্মেলন কক্ষ, কাকরাইল, ঢাকা-১০০০ |
| সভার উপস্থিতি: | **পরিশিষ্ট ক (সংযুক্ত)** |

আলোচনা:

শুরুতে সভাপতি অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। তিনি তার সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, গত ০৭ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বিষয়ে কিছু পরিমার্জনের নির্দেশনা প্রদানসহ অনুমোদন করা হয়। নির্দেশনাসমূহ নীতিমালাটিতে সংযোজন/অন্তর্ভুক্ত করা হয়েছে। সুপারিশসমূহ সঠিকভাবে উপযুক্ত স্থানে সংযোজন করা হয়েছে কী না, তা পর্যালোচনা ও প্রয়োজনে সংশোধন সাপেক্ষে পুনরায় মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দাখিল করা প্রয়োজন। এ লক্ষ্যে তিনি উপস্থিত সকলকে নীতিমালার সংযোজনসমূহ সম্পর্কে কোনো মতামত থাকলে তা জানানোর জন্য অনুরোধ জানান এবং পলিসি সাপোর্ট অধিশাখার উপসচিব, জনাব সুয়ে মেন জো-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২. সভাপতির অনুমতিক্রমে পলিসি সাপোর্ট অধিশাখার, উপসচিব জনাব সুয়ে মেন জো অংশগ্রহণকারী সকলকে পুনরায় স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনা নীতিমালায় সংযোজন করা হয়েছে। এরপর তিনি একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে সংযোজনসমূহসহ উল্লিখিত নীতিমালাটি উপস্থাপন করেন।

**মন্ত্রিসভা-বৈঠকের নির্দেশনাসমূহ এবং গৃহীত কার্যক্রম**

| ক্রমিক | নির্দেশনাসমূহ | নীতিমালায় সংযোজন |
|---|---|---|
| ১. | শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়িয়া তুলিবার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা সমীচীন। | অধ্যায় ২-এ ২.১.৬ জনসচেতনতা ও সামাজিক আন্দোলন অনুচ্ছেদের (গ) "শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা" শিরোনামে সংযোজন করা হয়েছে। |
| ২. | ভৌত অবকাঠামো সংক্রান্ত উন্নয়ন প্রকল্পসমূহে নারীদের জন্য পৃথক টয়লেট নির্মাণ অন্তর্ভুক্ত করা আবশ্যক। | অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদণ্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর-৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ-এর (খ)-তে সংযোজন করা হয়েছে। |
| ৩. | সকল টয়লেটের বর্জ্য সংরক্ষণের জন্য সেপটিক ট্যাংক/সেফটি ট্যাংক নির্মাণ আবশ্যক, যাহাতে কোনোভাবেই টয়লেটের বর্জ্যসমূহ নদী, খাল-বিলসহ অন্যান্য জলাশয়ে পতিত হইয়া পানি দূষণ ঘটাইতে না পারে। | অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদণ্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর- ৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ-এর (ঙ)-তে সংযোজন করা হয়েছে। |

| ক্রমিক | নির্দেশনাসমূহ | নীতিমালায় সংযোজন |
| --- | --- | --- |
| ৪. | টয়লেট ব্যবহার ও স্বাস্থ্যবিধি বিষয়ে জনসচেতনতা তৈরির উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিতে পারে। | অধ্যায় দুই-এর ২.১.৬ নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন-এর (খ) জনসচেতনতা অনুচ্ছেদে সংযোজন করা হয়েছে। |
| ৫. | স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক সমন্বিতভাবে সড়ক ও মহাসড়কের উপযুক্ত স্থানে নারী ও পুরুষের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপনের কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। | অধ্যায় দুই-এর ২.২ পাবলিক টয়লেট নীতিমালার আওতা: প্রয়োগ ও বাধ্যবাধকতা অনুচ্ছেদ- এর (গ) তে সংযোজন করা হয়েছে। |
| ৬. | নীতিমালাটি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করা সমীচীন। | ৪.৪ এর আইন/বিধি/নির্দেশিকা/কর্মপরিকল্পনা প্রণয়ন অনুচ্ছেদের (খ) সংযোজন করা হয়েছে। |

**"জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বিষয়ে মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনা ও সংশোধনের তুলনামূলক চিত্র:**

| বর্তমান নীতিমালা | প্রস্তাবিত সংশোধন |
| --- | --- |
| অধ্যায় ২-এ ২.১.৬, **নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন** অনুচ্ছেদ:<br><br>**২.১.৬ নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন**<br><br>এই নীতি পাবলিক টয়লেটের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন প্রচারমূলক কার্যক্রমের মাধ্যমে পাবলিক টয়লেটের গুরুত্ব, সঠিক ব্যবহারবিধি, স্বাস্থ্যসম্মত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতন করবে। এছাড়া এ নীতির আলোকে সামাজিক আন্দোলনের মাধ্যমে পাবলিক টয়লেট ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণকে দায়িত্বশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা হবে। | **অধ্যায় ২-এ ২.১.৬, নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন অনুচ্ছেদের (গ)-তে "শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা" শিরোনামে সংযোজন করা হয়েছে।**<br><br>**(ক) সামাজিক আন্দোলন:** এছাড়া এ নীতির আলোকে সামাজিক আন্দোলনের মাধ্যমে পাবলিক টয়লেট ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণকে দায়িত্বশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা হবে।<br><br>**(খ) জনসচেতনতা:** এ নীতি পাবলিক টয়লেটের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন প্রচারমূলক কার্যক্রমের মাধ্যমে পাবলিক টয়লেটের গুরুত্ব, সঠিক ব্যবহারবিধি, স্বাস্থ্যসম্মত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতন করবে। টয়লেট ব্যবহার ও স্বাস্থ্যবিধি বিষয়ে জনসচেতনতা তৈরির উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>**(গ) শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা:** শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়ে তুলার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |

| | |
|---|---|
| অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদন্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর-৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ:<br><br>৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ<br><br>(ক) টয়লেটগুলোর নিয়মিত ও পর্যাপ্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা;<br>(খ) সহজে পরিষ্কার করা যায় এবং দীর্ঘস্থায়ী হয় এমন উপকরণ ব্যবহার করা:<br>(গ) হাত ধোয়ার জন্য জীবাণুমুক্তকরণ উপকরণ (যেমনঃ সাবান/হ্যান্ডওয়াশ) ও নিরাপদ পানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা;<br>(ঘ) ব্যবহারকারীদের অভিযোগ/পরমার্শ প্রদানের জন্য একটি অভিযোগ বক্স রাখা যেতে পারে। | অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদন্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর-৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ-এর (খ)-তে সংযোজন করা হয়েছে।<br><br>(ক) টয়লেটগুলোর নিয়মিত ও পর্যাপ্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;<br>(খ) ভৌত অবকাঠামো সংক্রান্ত উন্নয়ন প্রকল্পসমূহে নারীদের জন্য পৃথক টয়লেট নির্মাণ নিশ্চিত করতে হবে।<br>(গ) সহজে পরিষ্কার করা যায় এবং দীর্ঘস্থায়ী হয় এমন উপকরণ ব্যবহার করতে হবে;<br>(ঘ) হাত ধোয়ার জন্য জীবাণুমুক্তকরণ উপকরণ (যেমন: সাবান/হ্যান্ডওয়াশ) ও নিরাপদ পানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে;<br><br>(ঙ) ব্যবহারকারীদের অভিযোগ/পরমার্শ প্রদানের জন্য একটি অভিযোগ বক্স রাখা যেতে পারে। |
| **অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদন্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর-৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ:**<br><br>**৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ**<br><br>(ক) টয়লেটগুলোর নিয়মিত ও পর্যাপ্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা:<br>(খ) সহজে পরিষ্কার করা যায় এবং দীর্ঘস্থায়ী হয় এমন উপকরণ ব্যবহার করা;<br>(গ) হাত ধোয়ার জন্য জীবাণুমুক্তকরণ উপকরণ (যেমনঃ সাবান/হ্যান্ডওয়াশ) ও নিরাপদ পানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা;<br>(ঘ) ব্যবহারকারীদের অভিযোগ/পরমার্শ প্রদানের জন্য একটি অভিযোগ বক্স রাখা যেতে পারে। | **অধ্যায় তিন-এ 'পাবলিক টয়লেট সেবা প্রদান মানদন্ড, প্রকারভেদ, ব্যবহারের ধরন ও শ্রেণিবিভাগ এর- ৩.১.২ স্বাস্থ্যবিধি ও রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ-এর (ঙ)-তে সংযোজন করা হয়েছে।**<br><br>(ক) টয়লেটগুলোর নিয়মিত ও পর্যাপ্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে:<br>(খ) ভৌত অবকাঠামো সংক্রান্ত উন্নয়ন প্রকল্পসমূহে নারীদের জন্য পৃথক টয়লেট নির্মাণ নিশ্চিত করতে হবে।<br>(গ) সহজে পরিষ্কার করা যায় এবং দীর্ঘস্থায়ী হয় এমন উপকরণ ব্যবহার করতে হবে;<br>(ঘ) হাত ধোয়ার জন্য জীবাণুমুক্তকরণ উপকরণ (যেমন: সাবান/হ্যান্ডওয়াশ) ও নিরাপদ পানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে;<br><br>(ঙ) সকল টয়লেটের বর্জ্য সংরক্ষণের জন্য সেপটিক ট্যাংক অথবা আধুনিক পরিবেশবান্ধব উপযুক্ত প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করতে হবে, যাতে কোনো অবস্থাতেই টয়লেটের বর্জ্য নদী, খাল-বিলসহ অন্যান্য জলাশয়ে পতিত হয়ে পানি দূষণ না ঘটায়।<br><br>(চ) ব্যবহারকারীদের অভিযোগ/পরমার্শ প্রদানের জন্য একটি অভিযোগ বক্স রাখা যেতে পারে। |
| **অধ্যায় ২-এ ২.১.৬ জনসচেতনতা ও সামাজিক আন্দোলন অনুচ্ছেদ:**<br><br>**২.১.৬ নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন**<br><br>এই নীতি পাবলিক টয়লেটের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন প্রচারমূলক কার্যক্রমের মাধ্যমে পাবলিক টয়লেটের গুরুত্ব, সঠিক ব্যবহারবিধি, স্বাস্থ্যসম্মত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতন করবে। এছাড়া এ নীতির আলোকে সামাজিক | **অধ্যায় দুই-এর ২.১.৬ নীতি-৬: জনসচেতনতা ও সামাজিক আন্দোলন-এর (খ) জনসচেতনতা অনুচ্ছেদে সংযোজন করা হয়েছে।**<br><br>(ক) **সামাজিক আন্দোলন:** এছাড়া এ নীতির আলোকে সামাজিক আন্দোলনের মাধ্যমে পাবলিক টয়লেট ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণকে দায়িত্বশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা হবে। |

| | |
|---|---|
| আন্দোলনের মাধ্যমে পাবলিক টয়লেট ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণকে দায়িত্বশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা হবে। | (খ) **জনসচেতনতা:** এ নীতি পাবলিক টয়লেটের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন প্রচারমূলক কার্যক্রমের মাধ্যমে পাবলিক টয়লেটের গুরুত্ব, সঠিক ব্যবহারবিধি, স্বাস্থ্যসম্মত ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতন করবে। টয়লেট ব্যবহার ও স্বাস্থ্যবিধি বিষয়ে জনসচেতনতা তৈরির উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>(গ) **শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা:** শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার-বিধি সম্পর্কে সচেতনতা গড়ে তুলার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| ২.২ **পাবলিক টয়লেট নীতিমালার আওতা: প্রয়োগ ও বাধ্যবাধকতা অনুচ্ছেদ:**<br><br>এ নীতিমালা নিম্নোক্তদের জন্য প্রযোজ্য হবে:<br><br>(ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, সিটি কর্পোরেশন, পৌরসভা, এবং নগর পরিকল্পনার সাথে জড়িত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ;<br><br>(খ) পার্ক/উদ্যান, বাসস্ট্যান্ড, রেল স্টেশন, লঞ্চ ঘাট প্রভৃতি, বাজার বা বিনোদন কেন্দ্রের মত এলাকার দায়িত্বপ্রাপ্ত সরকারি প্রতিষ্ঠানসমূহ;<br><br>(গ) সামাজিক দায়বদ্ধতা বা অংশীদারিত্ব কর্মসূচির অংশ হিসেবে জনসাধারণের জন্য পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে যুক্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহ; | **অধ্যায় দুই-এর ২.২ পাবলিক টয়লেট নীতিমালার আওতা: প্রয়োগ ও বাধ্যবাধকতা অনুচ্ছেদ-এর (গ) তে সংযোজন করা হয়েছে।**<br><br>এ নীতিমালা নিম্নোক্তদের জন্য প্রযোজ্য হবে:<br><br>(ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, সিটি কর্পোরেশন, পৌরসভা, এবং নগর পরিকল্পনার সাথে জড়িত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ;<br><br>(খ) পার্ক/উদ্যান, বাসস্ট্যান্ড, রেল স্টেশন, লঞ্চ ঘাট প্রভৃতি, বাজার বা বিনোদন কেন্দ্রের মত এলাকার দায়িত্বপ্রাপ্ত সরকারি প্রতিষ্ঠানসমূহ;<br><br>(গ) সড়ক ও মহাসড়কের উপযুক্ত স্থানে নারী ও পুরুষের জন্য পৃথক ব্যবস্থাসহ পাবলিক টয়লেট স্থাপনের বিষয়ে সমন্বিতভাবে স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কার্যক্রম গ্রহণ করতে হবে<br><br>(ঘ) সামাজিক দায়বদ্ধতা বা অংশীদারিত্ব কর্মসূচির অংশ হিসেবে জনসাধারণের জন্য পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে যুক্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহ; |
| **অধ্যায় ৪ এর পাবলিক টয়লেট ব্যবস্থাপনা অনুচ্ছেদ:**<br><br>**৪.৪ আইন/বিধি/নির্দেশিকা/কর্মপরিকল্পনা প্রণয়ন:**<br><br>এই নীতিমালা অনুযায়ী পাবলিক টয়লেট নির্মাণ/ব্যবহার/পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় আইন/বিধি/নির্দেশিকা/কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | **অধ্যায় ৪ এর পাবলিক টয়লেট ব্যবস্থাপনা অনুচ্ছেদ এর ৪.৪ এর (খ) তে সংযোজন করা হয়েছে।**<br><br>**৪.৪ আইন/বিধি/নির্দেশিকা/কর্মপরিকল্পনা প্রণয়ন**<br><br>ক) এ নীতিমালা অনুযায়ী পাবলিক টয়লেট নির্মাণ/ব্যবহার/পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় আইন/বিধি/নির্দেশিকা প্রণয়ন করতে হবে।<br><br>খ) নীতিমালাটি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করতে হবে |

৪. উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১. "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" এর আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সময়াবদ্ধ একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দপ্তরসমূহে পলিসি সাপোর্ট অধিশাখা হতে পত্র প্রেরণ করা হবে;

৪.২. মন্ত্রিসভা-বৈঠকের নির্দেশনাসমূহ আজকের সভার আলোচনা ও পরামর্শের ভিত্তিতে নীতিমালাটিতে সঠিকভাবে সংযোজন/অন্তর্ভুক্ত করার পর তা সঠিকভাবে করা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসহ ওয়ার্কিং কমিটির সকল সদস্যদের নিকট পলিসি সাপোর্ট অধিশাখা হতে ইমেইলের মাধ্যমে প্রেরণ করা হবে এবং সদস্যগণ আগামী ১৫ জুন ২০২৬ তারিখ, সোমবারের মধ্যে পর্যালোচনাপূর্বক পলিসি সাপোর্ট অধিশাখাকে অবহিত করবেন;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মুহা. মনিরুজ্জামান
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ, ও
সভাপতি, ওয়ার্কিং কমিটি

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৮৬.২২.০৬.২০২২ - ৮৭৮ তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
দৃষ্টি আকর্ষণ: স.ম আজহারুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব

২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
দৃষ্টি আকর্ষণ: অজিত দেব, সিনিয়র সহাকারী সচিব

৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
দৃষ্টি আকর্ষণ: মুহাম্মদ দেলোয়ার হোসেন, উপসচিব

৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
দৃষ্টি আকর্ষণ: সৈয়দ আসগর আলী, সিনিয়র সহকারী সচিব

৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৮. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
দৃষ্টি আকর্ষণ: মোহাম্মদ হাবিব উল্লাহ, উপসচিব

৯. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
দৃষ্টি আকর্ষণ: মিজ্ দিলরুবা আক্তার, উপপরিচালক

১০. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
দৃষ্টি আকর্ষণ: সৈয়দা আসমা খাতুন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী

১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন

১২. প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা

১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা

১৪. পরিচালক, আইটিএন-বুয়েট

১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রাউন্ড ওয়াটার সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা

১৬. কান্ট্রি ডিরেক্টর, ওয়াটারএইড বাংলাদেশ
দৃষ্টি আকর্ষণ: এ্যাডভোকেট ফাইয়াজউদ্দিন আহমেদ, হেড অফ পলিসি এ্যাডভোকেসি

১৭. জনাব মোঃ মনিরুল আলম, ওয়াশ স্পেশালিস্ট, ইউনিসেফ বাংলাদেশ

১৮. প্রোগ্রাম হেড, ব্রাক ওয়াশ প্রোগ্রাম

১৯. নির্বাহী পরিচালক, এনজিও ফোরাম

২০. কান্ট্রি ডিরেক্টর, এসএনভি (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ শহিদুল ইসলাম, ওয়াশ লিড)

২১. নির্বাহী পরিচালক, দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (দৃষ্টি আকর্ষণ: মিজ্ সানজিদা জাহান আশরাফী, এডভোকেসি লিড)

সুয়ে মেন জো
উপসচিব
পলিসি সাপোর্ট-১ শাখা
ফোন: ০১৭১৫-৯৫৮৭০৩
ই-মেইল: psbr@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা
www.psb.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৬.২২.০৬.২০২২-৮৮১

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

**বিষয়: মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনা মোতাবেক "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মে ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০৭.২৬.৪১১(৯) স্মারকমূলে প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠক পরিমার্জনপূর্বক "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" এর খসড়া অনুমোদন করা হয়েছে এবং উক্ত নীতিমালা বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে মন্ত্রিসভার নির্দেশনা রয়েছে (**কপি সংযুক্ত**)।

২। এমতাবস্থায়, মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনা মোতাবেক "জাতীয় পাবলিক টয়লেট নীতিমালা ২০২৬" বাস্তবায়নে তাঁর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিসভা বৈঠকের নির্দেশনা।

সুয়ে মেন জো
উপসচিব
পলিসি সাপোর্ট-১ শাখা
ফোন: ০১৭১৫-৯৫৮৭০৩
ইমেইল: psbr@lgd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
২. সচিব, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা;
৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৬.২২.০৬.২০২২-৮৮১/১(৭)

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

অনুলিপি: (সদয় অবগতির জন্য):

১. অতিরিক্ত সচিব, পানি সরবরাহ অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব, মন্ত্রিসভা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ;
৩. যুগ্মসচিব, পলিসি সাপোর্ট অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ;
৪. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. উপসচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
৭. সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ শাখা।

সুয়ে মেন জো
উপসচিব